R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
১৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৩রা আশ্বিন বুধবার, ১৩৮৫ সাল।
২০শে সেপটেম্বর, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## রেলসেতুতে ফাটল, লাইনে ধস, ট্রেন চলাচল ব্যাহত ধুলিয়ানের রাস্তা বাদে বন্যার আক্রমণ ছিল আগের মত

বিশেষ প্রতিনিধি, ২০ সেপটেম্বর—রাজ্য সরকারের নির্দেশে মহকুমা বা জেলা প্রশাসন সাংবাদিকদের কাছে মুখ না খুললেও খবর পাওয়া গিয়েছে ধুলিয়ানের রাস্তা বাদে জঙ্গিপুর মহকুমায় দ্বিতীয় দফায় বন্যার আক্রমণ ছিল আগের মতই। গত সাতদিন ধরে মহকুমায় বন্যার এই ভয়াবহ তাণ্ডব চলে। অরঙ্গাবাদ শহরটি সড়কপথে আবার বিচ্ছিন্ন হয়ে যায়। সড়কের তিন জায়গা দিয়ে বন্যার জল প্রবাহিত হয়। জলের তোড়ে ললিতপুর, হাতিচিতা ও লক্ষ্মীনগরে তিনটি বাঁধ ভেঙে যায়। একটি মাটির বাঁধ তৈরী করে নিমতিতাকে বন্যার হাত থেকে বাঁচাবার চেষ্টা ব্যর্থ হয়। সামসেরগঞ্জ ব্লকের বিস্তীর্ণ এলাকা এবং ধুলিয়ান শহরের নীচু এলাকা নতুন করে প্লাবিত হয়। ফরাক্কার বেনিয়াগ্রাম, নয়নসুখ, অর্জ্জুনপুর, বেওয়া অঞ্চল এবং কুলি, হোসেনপুর ও পার দেওনাপুর চর ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। অগষ্ট মাসের বন্যায় সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের প্রায় সব কয়টি অঞ্চল নতুন করে বন্যার কবলে পড়ে। এই ব্লকের কৃষ্ণশাইল গ্রামের কাছে এ্যাফলেক্স বাঁধ বিপন্ন হয়ে পড়ে। বাঁধের ওপর আশঙ্কাজনক অবস্থায় বসবাসকারী ১৩০০ বন্যার্ত পরিবারকে সরিয়ে আনতে চাইলেও তাঁরা গররাজী হন। কূলগাছি দিয়ে পদ্মার

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ভেজাল ওষুধ বিক্রীর দায়ে গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ, ১৯ সেপটেম্বর—ভেজাল ওষুধ বিক্রীর অভিযোগে জঙ্গিপুর সাহেববাজারের মীনা ফার্ম্মেসীর মালিক ডাঃ আনিসুর রহমান এবং তাঁর শ্যালক মহঃ আবদুল কালামকে গ্রেপ্তার করা হয়েছে। ডাঃ রহমান ১৯৭৭ সালে বিধানসভা নির্বাচনে জনতা দলের প্রার্থী হয়ে জঙ্গিপুর বিধানসভা কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করেন। পুলিশ সূত্রের খবরে প্রকাশ, ড্রাগ ইন্সপেক্টর ১৯৭৭ সালের নভেম্বর মাসে মীনা ফার্ম্মেসীতে হানা দিয়ে ভেজাল সন্দেহে টেট্রাসাইক্লিন ও ক্লোরামফেনিকল ক্যাপসুল সীজ করেন এবং রাসায়নিক পরীক্ষার জন্য সরকারী পরীক্ষাগারে পাঠান। ১৪ সেপটেম্বর সেখান থেকে রিপোরট আসে ক্যাপসুলগুলি ভেজাল। রিপোরটে পুলিশকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়। রিপোরটটি পাওয়ার পর রঘুনাথগঞ্জ পুলিশ ওই দিনই ডাঃ আনিসুর রহমান এবং তাঁর শ্যালককে গ্রেপ্তার করে। আদালতের অনুমতিতে জিজ্ঞাসাবাদের জন্য দু'দিন তাঁদেরকে পুলিশ হেফাজতে রাখা হয়। গতকাল তাঁদের জামিনের আবেদন নাকচ করা হয়।

## বানে ভাসা টাকা : ভাগাভাগি নিয়ে মারপিট

ফরাক্কা ব্যারেজ, ১৯ সেপটেম্বর—জনশ্রুতিতে প্রকাশ, ফরাক্কা ব্যারেজ কনট্রোল রুমের ঠিক নীচে বাঁধের এক নম্বর গেটে সারারাত ধরে ঠকঠক আওয়াজ শুনে প্রহরারত কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর চারজন প্রহরী ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গে নীচে নেমে দেখেন একটি ট্রাঙ্ক বাঁধের বন্ধ গেটে বাধা পেয়ে ওই রকম শব্দ করছে। কৌতূহলবশে ট্রাঙ্কটি তুলে ডালা খুলতেই চক্ষু স্থির। জোর গুজব কারেনসি নোটের বাণ্ডিলে নাকি ট্রাঙ্কটি ভর্তি। আরও প্রকাশ, চারজনে মিলে পুরো টাকাটা ভাগ করার সময় কর্নেলের নজরে পড়ে। প্রহরীরা চাকরিতে ইস্তফা দিতে চাইলে টাকার ভাগাভাগ নিয়ে নাকি মারপিটও বাধে। জানা গেছে করনেল নাকি

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আমাদের কৈফিয়ৎ

এবারের বন্যা—বন্যা নয়, যেন ছিন্নমস্তার প্রলয়-নৃত্য। দেশ থেকে দেশান্তরে, গ্রাম থেকে গঞ্জে, ঘর থেকে বাইরে সর্বত্র তার উল্লসিত উন্মত্ততার সঙ্গে বিধ্বংসী পদসঞ্চার। দিল্লী থেকে হাওড়া—সর্বত্র আজ সৃষ্টি-স্থিতি বিপর্যস্ত। দিকে দিকে শুধু আর্তের কান্না আর সর্বহারা মানুষের বুকচাপা দীর্ঘশ্বাস। বন্যার জলে ভেসে গেছে কত ধন-সম্পদ আর অমূল্য প্রাণ। সেই সঙ্গে বন্যার্তদের চোখের বাঁধ-ভাঙা লোনা জলে ভেসে যাচ্ছে তাদের বক্ষদেশ। এদের সান্ত্বনা দেবার ভাষা আমাদের নাই। দুর্গত মানুষের দুঃখে এবং বিপর্যয়ে আমরাও বেদনার্ত। এদের পাশে দাঁড়িয়ে আমরাও দুর্গতিনাশিনী দুর্গার কাছে প্রার্থনা জানাই—ত্রাহি মা দুর্গে। আমাদের পাঠকদের জানাই, দেশজোড়া এই দুঃসময়ে 'জঙ্গিপুর সংবাদ'-এর শারদ সঙ্কলন প্রকাশের মানসিকতা এবার আমাদের নাই। প্রকৃতি-উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আমাদের বিরত-প্রয়াসের জন্য আপনাদের কাছে আমরা ক্ষমাপ্রার্থী।

—সম্পাদক, জঙ্গিপুর সংবাদ

## ২য় প্রধান ডাকঘর রঘুনাথগঞ্জেই হবে

বিশেষ প্রতিনিধি : মুর্শিদাবাদ জেলার দ্বিতীয় প্রধান ডাকঘরটি রঘুনাথগঞ্জেই হবে। প্রশাসনের পক্ষ থেকে কোন বাধা নাই। বাড়ীঘর ছেড়ে আসতে হবে বলে অনেকে এখানে আসতে চান না। নির্দিষ্ট সময়ের মধ্যে কারিগরি অসুবিধা কাটিয়ে ওঠা সম্ভব ছিল না বলে এক মাস পিছিয়ে দেওয়া হয়েছে। যদি কোন অঘটন না ঘটে তবে আগামী নভেম্বর মাসেই ডাকঘরটি এখানে স্থাপিত হবে। ১৫ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জে

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ডাকের গাফিলতি

সাগরদীঘি, ১৫ সেপটেম্বর—ডাকবিভাগের গাফিলতির দরুণ মনিগ্রাম অঞ্চলের ২৪ জন প্রাথমিক শিক্ষক ঠিকমত বেতন পাচ্ছেন না বলে অভিযোগ করা হয়েছে। বলা হয়েছে, এক বছর আগেও আজিমগঞ্জ সাব-পোষ্টাপিসে টাকা আসার সঙ্গে সঙ্গেই বিভাগীয় ওভারসিয়র এসে সমস্ত টাকা অধীনস্থ মনিগ্রাম ডাকঘরে দিয়ে যেতেন। কিন্তু এক বছর থেকে তিনি আসেন না। সাব-পোষ্টমাষ্টার এক

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দারোগা সাসপেণ্ড

ধুলিয়ান, ২০ সেপটেম্বর—খবরে প্রকাশ, সামসেরগঞ্জ থানার বহরাগাছি গ্রামে ৮ আগষ্ট রাত্রে সংঘটিত একটি ডাকাতির ঘটনাকে আক্রমণ এবং লুঠতরাজ দেখানোয় সেখানকার ওসি আঃ সফিককে সাসপেণ্ড করা হয়েছে। ১৭ সেপটেম্বর নতুন অফিসার থানার দায়িত্বভার গ্রহণ করেছেন। সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে তদন্ত হয় বলে প্রকাশ।

**মুখ্যমন্ত্রীর বন্যাত্রাণ তহবিলে মুক্তহস্তে দান করুন**

সর্বেভ্যো দেবেভ্যো নম

# জঙ্গিপুর সংবাদ

৩রা আশ্বিন বুধবার, ১৩৮৫ সাল।

## দ্বিতীয় আক্রমণ

প্রথম বন্যার জল শুকাইতে না শুকাইতে নূতন করিয়া বন্যার আক্রমণে জঙ্গিপুর মহকুমার বিস্তীর্ণ এলাকা প্লাবিত হইয়াছে। পক্ষকালের ব্যবধানে বন্যার দ্বিতীয় তাণ্ডবে কত এলাকা প্লাবিত হইয়াছে, ক্ষয়ক্ষতির পরিমাণ কি ইত্যাদি তথ্য সরবরাহে সরকারী নিষেধাজ্ঞার ফলে সঠিক চিত্র পাওয়া যাইতেছে না। তবে অনুমান করা হইতেছে, দ্বিতীয় দফার বন্যায় বিস্তীর্ণ এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হইয়াছে। প্রথম দফার বন্যায় মহকুমায় আর্থিক ক্ষয়ক্ষতির পরিমাণ ছিল প্রায় ছয় কোটি টাকা, প্রাণহানি ঘটিয়াছিল সাতজনের। দ্বিতীয় দফার বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ যথেষ্ট বৃদ্ধি পাইবে বলিয়া আশঙ্কা করা হইতেছে। বহু পূর্ব হইতে সতর্কতার দরুণ প্রশাসন এবং সেনাবাহিনী ত্রাণ এবং উদ্ধারের কাজে প্রস্তুতি গ্রহণ করায় প্রাণহানির আশঙ্কা যথেষ্ট কমিয়াছে। মুশকিল হইয়াছে চর এলাকার অধিবাসীদিগকে লইয়া। চরম বিপদের আগে কিছুতেই তাঁহারা সরিতে চাহেন না। কাজেই উদ্বেগের কারণ একমাত্র তাঁহারাই।

আগষ্ট মাসের এগার তারিখে জঙ্গিপুর মহকুমাসহ মুর্শিদাবাদ ও মালদহ জেলায় যে বিপর্যয়ের সূত্রপাত ঘটিয়াছিল, সকলেই অবগত আছেন, তাহার পর হইতে এই এক মাসে ভারতবর্ষের একাধিক নদীতে জলস্ফীতির দরুণ দিল্লী হইতে হাওড়া অবধি বন্যার আক্রমণে পর্যুদস্ত হইয়া পড়িয়াছে। গাঙ্গেয় অববাহিকায় বন্যার তাণ্ডব ভয়াবহ আকার ধারণ করিয়াছে। উত্তর ভারতের বন্যার জল নামিয়া আসিয়া পশ্চিমবঙ্গের মালদহ ও মুর্শিদাবাদ জেলাকে নূতন করিয়া বিপর্যস্ত করিয়া তুলিয়াছে। ফরাক্কায় গঙ্গার জল চরম বিপদ সীমা অতিক্রম করিয়াছে। ইহার সাহত যুক্ত হইয়াছে বৃষ্টির জল এবং প্লাবিত হইয়াছে নূতন নূতন এলাকা।

এবারের বন্যা প্রমাণ করিয়াছে, ভারতবর্ষের নদী পরিকল্পনাগুলি কার্যতঃ ব্যর্থ হইয়াছে। সরকার বন্যা প্রতিরোধে নূতন পরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত লইয়াছেন। প্রকল্পগুলি যথার্থ রূপায়ণের পূর্বে সফলতা সম্পর্কে সুনিশ্চিত হওয়া প্রয়োজন। তাহা না হইলে ভবিষ্যতে ১৯৭৮ সালের পুনরাবৃত্তি ঘটিবার সম্ভাবনা থাকিয়া যাইবে। জঙ্গিপুরে বন্যা প্রতিরোধের পূর্বে গঙ্গাভাঙন প্রতিরোধ করিতে হইবে। কেন্দ্রীয় সমীক্ষক দলও তাহা স্বীকার করিয়াছেন। এখন প্রয়োজন, কালবিলম্ব না করিয়া নিম্ন ফরাক্কা প্রকল্পের ফলপ্রসূ রূপায়ণ।

## ঘাটের তদন্ত

জঙ্গিপুর, ২০ সেপ্টেম্বর—গোপন সূত্রের একটি খবরে প্রকাশ, জঙ্গিপুর পুরসভার ফেরীঘাট সম্পর্কে গোপনে একটি তদন্তের রিপোরট রাজ্য সরকারের কাছে পাঠানো হয়েছে। জানা গিয়েছে, পুরসভার ফেরীঘাট বকলমে একজন ব্যবসায়ী চালাচ্ছেন এবং ঘাটে যাত্রীদের ওপর অত্যাচার করা হচ্ছে ও গাড়ী পারাপারে নির্দিষ্ট ভাড়ার চাইতে জোর করে বেশী ভাড়া আদায় করা হচ্ছে বলে জনসাধারণের পক্ষ থেকে একটি অভিযোগ অতি সম্প্রতি মুখ্যমন্ত্রীর কাছে পাঠানো হয়। মুখ্যমন্ত্রীর নির্দেশে গোপনে তদন্ত হয় এবং তদন্ত রিপোরট পাঠানো হয়।

## স্কুলের তদন্ত

জঙ্গিপুর, ২০ সেপ্টেম্বর—জঙ্গিপুর হাই স্কুলে পরীক্ষাকেন্দ্রের টাকা তছরূপের অভিযোগটি ভিজিলেনস তদন্ত হচ্ছে বলে নির্ভরযোগ্য সূত্রে খবর পাওয়া গিয়েছে। ইতিপূর্বে জঙ্গিপুরের একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট কমলকুমার পাল অভিযোগের তদন্ত করেন এবং তদন্ত রিপোরট পেশ করেন। সেই রিপোরটের ভিত্তিতে ভিজিলেনস মামলাটি হাতে নিয়েছেন বলে প্রকাশ।

## সাব-রেজিস্ট্রার আসছেন

সাগরদীঘি, ১৬ সেপ্টেম্বর—জঙ্গিপুরের সাব-রেজিস্ট্রার গত শনিবার থেকে সপ্তাহে দু' দিন করে সাগরদীঘি সাব-রেজিষ্ট্রি অফিসে আসছেন। ফলে এখানকার সাব-রেজিস্ট্রার এক মাসের ছুটিতে যাওয়ায় অফিসে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছিল, আংশিকভাবে তা দূর হয়েছে।

# বামফ্রন্টের সংবাদপত্র শাসন

**সত্যনারায়ণ ভকত**

পাঠকরা হয়তো লক্ষ্য করে থাকবেন, আগষ্ট মাসে প্রথম দফায় মুর্শিদাবাদ জেলায় বন্যার তাণ্ডবের খবর যেভাবে দৈনিক সংবাদপত্র এবং আকাশবাণীতে প্রচার করা হচ্ছিল, দ্বিতীয় দফায় বন্যার তাণ্ডব শুরু হওয়ার পর গত সাতদিনে মুর্শিদাবাদের খবর সেভাবে প্রচারিত হচ্ছে না। তার মানে এই নয় যে, মুর্শিদাবাদে দ্বিতীয় দফায় বন্যা হয়নি অথবা আকাশবাণী এবং সংবাদপত্রগুলি ইচ্ছে করে মুর্শিদাবাদে বন্যার তাণ্ডবের খবর চেপে দিচ্ছে। আসলে বামফ্রন্ট সরকারের নির্দেশে মুর্শিদাবাদের প্রশাসন বন্যায় ক্ষয়ক্ষতির হিসেব সাংবাদিকদের দিচ্ছেন না। তাঁরা বলছেন, নির্দেশে বলা হয়েছে, বন্যা সংক্রান্ত যাবতীয় খবরাখবর পাঠাতে হবে রাজ্যের মুখ্য সচিবের কাছে। সাংবাদিকদের প্রয়োজন হলে খবর পাবেন সেখান থেকে। সরাসরি তাঁরা কোন সংবাদ সরবরাহ করতে পারবেন না। তাই আমরা দেখতে পাচ্ছি রাজ্যের মুখ্য সচিব এক রকম ঠেকিয়ে দেওয়া গোছের যে সংবাদ দিচ্ছেন সংবাদপত্র ও আকাশবাণীতে তাই প্রচারিত হচ্ছে। অতএব তাঁদের কোন দোষ নাই। জেলার ছোট ছোট কাগজের সমস্যা আরো বেশী। মুখ্য সচিবের কাছ থেকে সংবাদ সংগ্রহের মত সময় এবং অর্থবল কোনটাই তাঁদের নাই।

১৯৭৭ সালের লোকসভার নির্বাচনে স্বৈরতন্ত্রী ইন্দিরা সরকারের পতনের পর রাজ্য বিধানসভা নির্বাচনের আগে পর্যন্ত বর্তমান বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা এবং শরীক দলের সদস্যরা ইন্দিরা সরকারের সংবাদপত্র সেনসারের তীব্র সমালোচনা করে কুমীরের কান্না কাঁদতে কাঁদতে সংবাদপত্রের স্বাধীনতার প্রতি অগাধ আস্থা স্থাপনের কথা গলা ফাটিয়ে বলে বেড়াচ্ছিলেন। এমন কি ক্ষমতায় আসার পরও তাঁরা সংবাদপত্রের সমালোচনাকে যথেষ্ট গুরুত্বদানের প্রতিশ্রুতি দিয়েছিলেন। (জরুরী অবস্থার সময় এঁরা কিন্তু সেনসারের বিরুদ্ধে একটি কথাও বলেননি।) কিন্তু যতই দিন যেতে লাগলো বামফ্রন্টের স্বরূপ ততই নির্লজ্জভাবে প্রকাশ পেতে লাগলো। তার মধ্যে সংবাদপত্র শাসন একটি। একেবারে ইন্দিরাশাহীর মতই। বন্যার প্রকোপে তা স্পষ্টভাবে ধরা পড়লো। ভেসে গেল তাঁদের প্রতিশ্রুতি, ভুলে গেলেন তাঁরা গণতন্ত্রের বুলি কপচানো কথার কথা।

সংবাদপত্র শাসন অথবা পরোক্ষভাবে সংবাদপত্রের ওপর এই ধরনের আক্রমণ বামফ্রন্ট সরকারের এই প্রথম নয়। বন্যার মতই এই আক্রমণ তাঁদের দ্বিতীয় দফার আক্রমণ। প্রথম দফায় আক্রমণ এসেছিল বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী জ্যোতি বসুর দপ্তর থেকে। তিনি আবার মুখ্যমন্ত্রীও। এবারের আক্রমণের মূলেও তিনি। এ ব্যাপারে সাংবাদিক বরুণ সেনগুপ্তর নিবন্ধ প্রণিধানযোগ্য। তিনি লিখেছেন, মুর্শিদাবাদ ও মেদিনীপুর জেলার বন্যা সংক্রান্ত দুটি খবরে মুখ্যমন্ত্রী চটেছেন।

ইতিপূর্বে যুক্তফ্রন্ট মন্ত্রীসভায় উপমুখ্যমন্ত্রী থাকাকালীন জ্যোতিবাবু বলেছিলেন, পাড়ার ছেলেদের দিয়ে রিপোর্টারদের পেটাবেন। তাঁর পাড়ার ছেলেরাই পরের দিনের সংবাদপত্রে তাঁর উক্তির বিরুদ্ধে প্রতিবাদ করেছিল। এবারেও বামফ্রন্ট মন্ত্রীসভায় মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হবার পর জ্যোতিবাবু দু'-দু'বার সংবাদপত্র শাসনে লিপ্ত হয়েছেন। গত বছর আগষ্ট মাসে বিদ্যুৎ সংক্রান্ত কোন খবর সাংবাদিকদের দিতে বারণ করা হয়েছিল। এ বছর বারণ করা হল বন্যা সংক্রান্ত কোন খবর দিতে।

এই ধরনের শাসনে গুজব ছড়াবার সম্ভাবনা থাকে বেশী। জেলা প্রশাসন থেকে খবর নিয়ে যত তাড়াতাড়ি সঠিক তথ্য প্রকাশ করা যায়, মুখ্য সচিবের কাছ থেকে খবর সংগ্রহ করে তত তাড়াতাড়ি বিস্তারিত সংবাদ পরিবেশন সম্ভব হয় না। মাঝে যে গ্যাপ পড়ে যায় সেই সুযোগেই অনেক গুজব ছড়িয়ে পড়ে। বিলম্বে প্রকাশিত সংক্ষিপ্ত সংবাদ তখন আর কেউ বিশ্বাস করতে চায় না। ইন্দিরা সরকারের সংবাদপত্র শাসন নীতি অনুধাবন করে বামফ্রন্টের শিক্ষালাভ করা উচিত ছিল। এখনও তাঁদের শিক্ষা হয়নি। উপরন্তু বামফ্রন্টের কোন একটি শরীক দলের একজন নেতা সংবাদপত্র ও সাংবাদিকদের 'বেইমান' বলতে শুরু

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## ট্রেন চলাচল ব্যাহত, বন্যা আগের মত

( ১ম পৃষ্ঠার পর )

জল ভাগীরথীতে ঢুকে সাগরদীঘি ব্লকের বালিয়া, কাবিলপুর, পাটকেলডাঙ্গা ও গোবর্ধনডাঙ্গা অঞ্চলের বিস্তীর্ণ এলাকা প্লাবিত করে। এর মধ্যে কাবিলপুরে বন্যা পরিস্থিতির অবনতি ঘটে। কাশিয়াডাঙ্গায় উদ্ধারকারী একটি লঞ্চ ফুটো হয়ে গিয়ে ডোবার উপক্রম হয় এবং অকেজো হয়ে পড়ে। বন্যার সঙ্গে চারদিনের প্রবল বর্ষণ পরিস্থিতি আরো ঘোরালো করে তোলে। পাগলা ও বাঁশলৈ নদীতে ঢল নেমে সুতীর বহু এলাকা ভাসিয়ে দেয়। বৃষ্টির জলে ফরাক্কা বাঁধ উপনগরীর রেল কলোনী এবং একটি পাড়া ডুবে যায়।

বন্যা এবং বৃষ্টির দরুণ বি এ কে লুপ লাইনের গনকর—জঙ্গিপুর, জঙ্গিপুর—সুজনীপাড়া ও সুজনীপাড়া—নিমতিতার মধ্যে তিন জায়গায় রেল-লাইন বসে যাওয়ায় এবং গনকরের কাছে ৩২৩ নম্বর রেলসেতুতে ফাটল ধরায় ট্রেন চলাচল ব্যাহত হয়। জনতা ও কামরূপ এক্সপ্রেস এবং নিউজলপাইগুড়ি প্যাসেঞ্জারের গতিপথ বর্ধমান লাইন দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়।

সর্বশেষ সংবাদে জানা গেছে, উপর্যুপরি দুটি বন্যায় জঙ্গিপুর মহকুমায় ২৫৬ বর্গমাইল এলাকা প্লাবিত হয়েছে, সাড়ে চার লক্ষ লোক এবং ৫০ হাজার গবাদি পশু ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ৩০ হাজার ঘরবাড়ী হয় ধসে পড়েছে নয় বসে গিয়েছে। আর্থিক ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় সাত কোটি টাকা, জীবনহানি ঘটেছে সাতজনের। গঙ্গার জল কমতে শুরু করলেও ভাগীরথীর জল প্রায় একই অবস্থায় ছিল। বহু এলাকা এখনও জলমগ্ন হয়ে রয়েছে। কৃষ্ণশাইলে এ্যাফলেকস বাঁধের বিপদ কেটে গিয়েছে। জঙ্গিপুর—লালগোলা সড়কের ১৬ ফুট ভেঙে গিয়েছে।

**ত্রাণ এবং উদ্ধার :** সরকারীভাবে ত্রাণ এবং উদ্ধারের কাজ অব্যাহত আছে। এখন পর্যন্ত প্রায় দু'হাজার মেট্রিক টন গম বিলি করা হয়েছে। বেসরকারী অনেক সংস্থাও এই কাজে লিপ্ত আছে। এস ইউ সি দল ৫ থেকে ১০ সেপটেম্বর পর্যন্ত জেলার ৭টি ক্যাম্পে ৩৫ হাজার দুর্গত লোকের মধ্যে খাবার এবং জামা-কাপড় বিলি করেছেন। ১৪ সেপটেম্বর থেকে সাতদিনের জন্য ধুলিয়ানে একটি ত্রাণশিবিরের উদ্বোধন করেছেন দলের রাজ্য সম্পাদকমণ্ডলীর সদস্য মাণিক মুখারজি। এখন ৬০ হাজার লোককে শুকনো খাবার দেওয়া হচ্ছে এবং ধুলিয়ানের মত জেলায় আরো ৫টি শিবির খোলা হবে বলে জানানো হয়েছে।

লুথারান ওয়ারলড সারভিস এ পর্যন্ত বন্যাপীড়িত প্রায় এক লক্ষ লোকের মধ্যে ৭৬ হাজার কেজি আটা, ২২২৩ কেজি গুঁড়ো দুধ এবং ১১০০৮ টিন মাছ বিতরণ করেছেন। সাগরদীঘি, সুতী ও ফরাক্কা থানার পুলিশ কর্মচারীরা বন্যাত্রাণে তাঁদের একদিনের বেতন দান করেছেন। জঙ্গিপুর মহকুমা পুলিশের পক্ষ থেকে সব মিলিয়ে প্রায় এক হাজার টাকা দান করা হয়েছে।

### সন্তরণ প্রতিযোগিতা স্থগিত

ভয়াবহ বন্যা পরিস্থিতির দরুণ ভাগীরথী বক্ষে মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা আয়োজিত ৭৪ কিমি ও ১৯ কিমি সন্তরণ প্রতিযোগিতা স্থগিত রাখা হয়েছে। ২৪ সেপটেম্বর এই প্রতিযোগিতা হওয়ার কথা ছিল।

### বানে ভাসা টাকা

( ১ম পৃষ্ঠার পর )

গুরুতরভাবে প্রহৃত হন। পরে ঘটনাটি ধামাচাপা পড়ে। অনুমান করা হচ্ছে, টাকাভর্তি ট্রাঙ্কটি বানের জলে কোন জায়গা থেকে ভেসে এসে ফরাক্কা বাঁধের বন্ধ গেটে আটকে যায়। গত সপ্তাহের গোড়ার দিকে ঘটনাটি ঘটার পর থেকে এখন পর্যন্ত বাঁধ উপনগরীর সর্বত্র চাপা গুঞ্জন চলছে বলে প্রকাশ।

### সংবাদপত্র শাসন

( ২য় পৃষ্ঠার পর )

করেছেন। বামফ্রন্ট শরীকদের বিনীত অনুরোধ করি, নিজেরা নিজেদের প্রশ্ন করুন তো কে বেইমান? এত বড় সর্বনাশের মধ্যেও নানারকম সঙ্কীর্ণতা এবং আমলাতান্ত্রিক হৃদয়হীনতা মর্মান্তিক কিনা?

### ধুলিয়ানে নৌকাডুবি

ধুলিয়ান, ১৭ সেপটেম্বর—শহরের সিনেমা হলের কাছে গঙ্গার ঘূর্ণি স্রোতে গতকাল একটি নৌকো উল্টে গেলে একজন নিখোঁজ হন। নৌকোর ৪ জন আরোহীর মধ্যে ৩ জনকে উদ্ধার করা হয়।

পূজা এবং গান্ধী জয়ন্তী উপলক্ষে

বিশেষ রিবেট

স্তুতী খাদি ২৫%
রীল্ড সিল্ক ১৫%
স্পান সিল্ক ২৫%





গান্ধী স্মারকনিধি
খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার

বাজারপাড়া ★ রঘুনাথগঞ্জ

৮ই অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত এই রিবেট চালু থাকিবে।

জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও বেশী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**বন্যাদুর্গত মানুষ আপনার সাহায্যপ্রার্থী, ওদের সাহায্য করুন**